## বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিচিতি:

১৯৭৪ সালের ১৯ ফেব্রুয়ারি বাংলাদেশ জাতীয় সংসদে গৃহীত ৩১ নং এ্যাক্টের মাধ্যমে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। ১৯৮৯ সালের সংশোধিত এ্যাক্টের আওতায় সংস্কৃতি বিকাশের এ জাতীয় প্রতিষ্ঠানটিতে ৬ (ছয়) টি বিভাগের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হয়। বিভাগগুলো হলো চারুকলা বিভাগ, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, গবেষণা ও প্রকাশনা বিভাগ, প্রযোজনা বিভাগ, প্রশিক্ষণ বিভাগ। এছাড়া প্রতিটি জেলায় জেলা শিল্পকলা একাডেমি কার্যক্রম এবং প্রতিটি উপজেলায় উপজেলা শিল্পকলা একাডেমির কার্যক্রমসহ সমগ্র দেশে সংস্কৃতির চর্চা ক্রমবর্ধমান। দেশের সংস্কৃতির বিকাশ ও প্রসারের লক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ছয়টি বিভাগ ও জেলা/উপজেলা শিল্পকলা একাডেমি সমন্বিত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক আয়োজনে প্রতিবছর "শিল্পকলা পদক" প্রদানসহ দেশের ৬৪টি জেলায় জেলা শিল্পকলা একাডেমি পদক প্রদান এবং জেলা/উপজেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে সকল জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

# ২০১৭-১৮ অর্থসালের বার্ষিক প্রতিবেদন:

উইলিয়াম শেক্সপিয়র স্মরণে বছরব্যাপী অনুষ্ঠানমালার অন্যতম আয়োজন 'সৈয়দ শামসুল হক' অনুদিত মঞ্চসারথি আতাউর রহমান নির্দেশিত 'হ্যামলেট' প্রযোজনাটি এ একাধিকবার মঞ্চায়ন করা হয়।





চীনের বেইজিং ইন্টারন্যাশনাল আর্টস স্কুল থেকে ১০জন শিশু এ্যাক্রোবেটিক প্রশিক্ষণ শেষ করে ১৮ জুলাই ২০১৭ তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করেন এবং পুনরায় প্রেরণের নিমিত্ত রাজবাড়ীতে ০১ জুলাই ২০১৭ থেকে এ্যাক্রোবেটিক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। একাডেমি এবং পিপলস থিয়েটার এসোসিয়েশন এর সাথে যৌথভাবে ৩০ সেপ্টেম্বর ২০১৭ থেকে ০৫ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত 'যুব নাট্যোৎসব ২০১৭' অ্যাক্রোবেটিক দলের অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়।



*চিত্র: চীন থেকে আগত প্রশিক্ষণপ্রাপ্তদের একাডেমির নন্দনমঞ্চে অ্যাক্রোবেটিক প্রদর্শনী।*

আগামী আলোয় আমরা' শীর্ষক ০২(দুই) মাসব্যাপী শিশুদের নিয়ে চলচ্চিত্র নির্মাণ কোর্স। ম্যুভিয়ানা ফিল্ম সোসাইটি এর সাথে যৌথভাবে 'নতুন  চলচ্চিত্র, নতুন নির্মাতা বছরব্যাপী কর্মসূচি'র আওতায় বছরব্যাপী চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ উদ্যাপন উপলক্ষে ১৫ এবং ১৬ আগস্ট ২০১৭ তারিখে বঙ্গবন্ধুকে নিবেদিত গানের কোরিওগ্রাফী মঞ্চায়ন এবং ১৭-১৯ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধুকে নিবেদিত 'মুক্তিযুদ্ধের নাটক মঞ্চায়ন হয়। ১৯ থেকে ২৩ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত 'সেলিম আল দীন জন্মোৎসব ২০১৭' উদযাপন। ২৮ আগস্ট ২০১৭ থেকে ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ মনন সমাজ সংস্কৃতি'র নাটক বিভাগ 'নাটবাঙলা'র আয়োজনে নাট্যপ্রযোজনা 'রিজওয়ান' এর কারিগরী মহড়া, উদ্বোধনী প্রদর্শনী এবং বন্যার্তদের সহযোগিতার জন্য আয়োজিত বিশেষ নাট্যোৎসব। মনন সমাজ সংস্কৃতি'র নাটক বিভাগ 'নাটবাঙলা'র আয়োজনে নাট্যপ্রযোজনা 'রিজওয়ান' এর কারিগরী মহড়া, উদ্বোধনী প্রদর্শনী এবং বন্যার্তদের সহযোগিতার জন্য আয়োজিত বিশেষ নাট্যোৎসব ১ থেকে ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত একাডেমির জাতীয় নাট্যশালার এক্সপেরিমেন্টাল থিয়েটার হলে অনুষ্ঠিত হয়।



চিত্র: নাট্যোৎসবের দৃশ্য।

১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখ, ২৫ নভেম্বর ২০১৭ তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৭ তারিখ  'মুল্লুক' নাটক মঞ্চায়িত হয়।বেইজিং ইন্টারন্যাশনাল আর্টস স্কুল, চীন থেকে এক বছরের প্রশিক্ষণ প্রাপ্ত শিশু অ্যাক্রোবেটিক দল এবং চায়না শিশু অ্যাক্রোবেটিক দলকে নিয়ে বাংলাদেশস্থ চায়না দূতাবাস, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও  এফ শাহীন কলেজে ৩টি অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয় এবং ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী প্রমিত বাংলা উচ্চারণ কর্মশালা এবং রূপসজ্জা কর্মশালার আয়োজন করা হয়। ২৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সৈয়দ শামসুল হক-এর প্রথম প্রয়াণবর্ষ স্মরণার্ঘ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশান ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির যৌথ আয়োজনে ২৮ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী অভিনয় কর্মশালা আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি'র আয়োজনে এবং ৬৪ জেলা শিল্পকলা একাডেমি'র ব্যবস্থাপনায় আগামি ৬ থেকে ২১ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত, ১৬ দিনব্যাপী একযোগে 'বাংলাদেশ চলচ্চিত্র উৎসব ২০১৭' আয়োজন করা হয়েছে। ৬-১৫ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত একাডেমির সাথে যৌথ আয়োজনে গঙ্গা যমুনা নাট্য ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়। ২২-২৮ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত একাডেমির সাথে যৌথ আয়োজনে আরণ্যক নাট্যদলের ৪৫ বছর পূর্তি উপলক্ষে 'আন্তর্জাতিক নাট্যোৎসব ২০১৭' আয়োজন করা হয়। ৭ ও ৮ নভেম্বর, ২০১৭ তারিখ একাডেমি ও সুইডেন দূতাবাসের যৌথ উদ্যোগে জাতীয় নাট্যশালার এক্সপেরিমেন্টাল থিয়েটার হলে 'দ্য ওয়েভ/ডেন স্টোরা ভ্যাভোপিরান' শীর্ষক নাটক প্রদর্শীত হয়। ১৪ নভেম্বর ২০১৭ তারিখ অ্যাক্রোবেটিক দল এর বিশেষ অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং নিয়মিত নাট্য মঞ্চায়ন পর্ষদ, বরিশাল বিভাগের ব্যবস্থাপনায় বরিশালে ২৪ নভেম্বর ২০১৭ থেকে ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ১০(দশ) দিনব্যাপী 'নিয়মিত নাট্য মঞ্চায়ন পর্ষদ উৎসব' আয়োজন করা হয়। দেশব্যাপী অ্যাক্রোবেটিক প্রদর্শনীর মুন্সিগঞ্জ জেলার দোহার ও নবাবগঞ্জ উপজেলায় অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। 'যন্ত্র সংগীত উৎসব' উপলক্ষে একাডেমির নন্দন মঞ্চে, ঢাকা জেলার উত্তরার রবীন্দ্র সরণীর বটতলা লেক পাড়, ঢাকায় অফিসার্স ক্লাব, খুলনা জেলার সদরের শহীদ হাদিস পার্ক, বাগেরহাট জেলার ষাটগম্বুজ ইউনিয়ন পরিষদ মাঠ, গোপালগঞ্জ জেলার পৌর পার্ক, মাদারীপুর জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তন, রাজবাড়ী জেলার শহীদ খুশি রেলওয়ে ময়দানে, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি, বরগুনা, পিরোজপুর, বরিশাল, ঝিনাইদহ, মৌলভীবাজার, হবিগঞ্জ, সিলেট এবং সুনামগঞ্জ জেলায় ১১(এগার)টি স্থানে অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে, জাতীয় চিত্রশালার মিলনায়তনে এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ২টিসহ সর্বমোট ০৫(পাঁচ) টি অ্যাক্রোবেটিক প্রদর্শনীর  আয়োজন করা হয়। বাংলাদেশ শিশু চলচ্চিত্র উৎসব ২০১৭ দেশব্যাপী একযোগে জাতীয় চিত্রশালা মিলনায়তন এবং ৬৪ জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়। ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখ, 'একশ' বস্তা চাল' নাটকটি ১০ মার্চ ২০১৮ তারিখ নাট্যশালার নিজস্ব প্রযোজনা ও জাপান দূতাবাসের সহযোগিতায় ইয়োজো ইয়ামামতো রচিত অধ্যাপক আব্দুস সেলিম অনুদিত ও গোলাম সারোয়ার নির্দেশিত 'একশ' বস্তা চাল' নাটকটি (জাপানী আই, টি, আই কর্তৃক উচিমুরা পুরস্কার প্রাপ্ত) এর মঞ্চায়িত হয়। ৮ ডিসেম্বর ২০১৭ তারিখ যৌথভাবে ঢাকা ও ঢাকার বাইরের নাটক প্রকল্পের আওতায় গণায়ন নাট্য সম্প্রদায় এর 'কমলা সুন্দরীর কিস্সা' মঞ্চায়ন হয়। বর্তমান সরকারের ৪ বছর পূর্তি উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির এ্যাক্রোবেটিক দল আর্মি স্টেডিয়ামে ১২ জানুয়ারি ২০১৮ তারিখ এ্যাক্রোবেটিক প্রদর্শনী অনুষ্ঠিত হয়। ২৩ ও ২৪ জানুয়ারি ২০১৮ তারিখ জাতীয় পিঠা উৎসব ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে এ্যাক্রোবেটিক দল বিশেষ এ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির ও আমেরিকান দূতাবাস এর সাথে যৌথভাবে ২৬ থেকে ২৮ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১ ও ২ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় ও চীনা

দূতাবাসের উদ্যোগে জাতীয় নাট্যশালার মূল থিয়েটার হলে 'Happy Chinese New Year' শীর্ষক নাটক প্রদর্শীত হয়। ২৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশত জন্মবার্ষিকী উদ্যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অর্থায়নে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রযোজনায় নির্মিত ২(দুই) টি রবীন্দ্র শিশুতোষ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'বিশ্বম্ভর বাবুর দায়' ও 'ডাকঘর'-এর বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির 'বিশ্ব পুতুলনাট্য দিবস' উপলক্ষে ২১ মার্চ ২০১৮ স্টুডিও থিয়েটার হলে পুতুল নাট্য প্রদর্শনী ও সন্ধ্যা ৬.৩০টায় এক্সপেরিমেন্টাল থিয়েটার হলে আলোচনা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৩ মার্চ ২০১৮ তারিখে শেক্সপিয়রের অনবদ্য সৃষ্টি 'হ্যামলেট' নাটকটি মঞ্চায়িত হয়। ২৭ মার্চ বিশ্ব নাট্যদিবস, ২০১৮ উদ্যাপন উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইন্সটিটিউট, বাংলাদেশ কেন্দ্র বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশান এবং বাংলাদেশ পথনাটক পরিষদ এর যৌথ উদ্যোগে বিশ্ব নাট্যদিবস ২০১৮ উদ্যাপনের অংশ হিসেবে আনন্দ শোভাযাত্রা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের ব্যবস্থাপনায় ৩১ মার্চ ২০১৮ তারিখ কলকাতা (ভারত) এর নাট্যদল হ-য-ব-র-ল এর নিয়মিত প্রযোজনা 'জাহানারা জাহানারা' মঞ্চায়ন করা হয়। জাতীয় চলচ্চিত্র দিবস ২০১৮ উপলক্ষে ৩ এপ্রিল ২০১৮ বাংলাদেশ শিল্পকলা একাডেমির নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের আয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা ও ৬৪ জেলা শিল্পকলা একাডেমিতে চলচ্চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র কার্নিভাল, সেমিনার, চলচ্চিত্রের আড্ডা, প্রীতি সম্মিলনী, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১৪ এপ্রিল ২০১৮ তারিখ ১লা বৈশাখ উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অ্যাক্রোবেটিক দল গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলায় অ্যাক্রোবেটিক প্রদর্শনীর আয়োজন করা হয়। ৪ মে ২০১৮ তারিখ বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশান এর ২৩তম নিবার্চন উপলক্ষে আমন্ত্রিত অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় সংসদের স্পীকার ড. শিরিন শারমীন চৌধুরী এর উপস্থিতিতে জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে অ্যাক্রোবেটিক শো প্রদর্শন করে। ২৮ মে ২০১৮ তারিখ দুপুর ২.০০টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে 'শিল্পকলা পদক ২০১৭' প্রদান অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পদক প্রদান করেন। পদক প্রদান অনুষ্ঠান উপলক্ষে একাডেমির 'অ্যাক্রোবেটিক দল' অ্যাক্রোবেটিক শো প্রদর্শন করে।




চিত্র: শিল্পকলা পদক ২০১৭

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় ২৬ জুলাই ২০১৭ থেকে ১৪ আগস্ট ২০১৭ পর্যন্ত ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭ এর আয়োজন করা হয়। ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭ প্রদর্শনীতে অংশগ্রহণের লক্ষে ৬৩০ জন আবেদনকারীর ১৮৯০টি শিল্পকর্ম জমা প্রদান করেন। জমাকৃত ১৮৯০টি শিল্পকর্ম থেকে ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭ -তে প্রদর্শনের জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট শিল্পকর্ম নির্বাচন কমিটি ৩৩২ জন শিল্পীর ৩৮৪টি শিল্পকর্ম নির্বাচন করেন। এরমধ্যে চিত্রকলা (পেইন্টিং)-২৬৫টি, ভাস্কর্য শিল্পকর্ম-৬৩টি, স্থাপনা শিল্পকর্ম-৪৭(ভিডিও-৯টি) ও নিউমিডিয়া-০৯টি। নির্বাচিত ৩৮৪টি শিল্পকর্ম থেকে যাছাই-বাঁছাই করে ১০টি ক্যাটাগরিতে ১০ জন শিল্পীর ১০টি শিল্পকর্ম পুরস্কার প্রদানের জন্য নির্বাচিত করেছেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটির যৌথ উদ্যোগে জাতীয় চিত্রশালা সেমিনার কক্ষে ২৮ জুলাই ২০১৭ কর্মশালা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস), ঢাকা এর যৌথ উদ্যোগে ২৯-৩১ জুলাই ২০১৭ পর্যন্ত আলোকচিত্র প্রতিযোগিতা ২০১৭ আয়োজন করা হয়। একাডেমির সংগৃহিত শিল্পকর্ম থেকে 'শিল্পের আলোয় বঙ্গবন্ধু' শিরোনামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে ১-৩১ আগস্ট ২০১৭ পর্যন্ত মাসব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও কর্মের উপর তথ্যচিত্র প্রদর্শনী এবং আয়োজন করা হয় এবং দু'দিনব্যাপী বিশিষ্ট চিত্রশিল্পীদের সমন্বয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি অঙ্কন আর্টক্যাম্প আয়োজন এবং ঢাকামহানগরীর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ দেশব্যাপী সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং ১১-১৩ আগস্ট ২০১৭ জাতির পিতার সমাধিস্থলে প্রতিকৃতি অঙ্কন আর্টক্যাম্প ও ১১ আগস্ট ২০১৭ তারিখ গোপালগঞ্জ জেলার সদর জেলার অন্যান্য উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সমন্বয়ে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হয়। যুক্তরাজ্যের বিশিষ্ট চারুশিল্পী ডেভিড কেফোর্ড এর তত্ত্বাবধানে ১-১৪ আগস্ট ২০১৭ পর্যন্ত স্থাপনা শিল্পের উপর কর্মশালা ও বিশেষ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। ২১ আগস্ট গ্রেনেড হামলার উপর ২০১৬ সালে জাতীয় চিত্রশালায় ১০দিন ব্যাপী স্থাপনা শিল্পের প্রদর্শনী অনুষ্ঠিত হয় যার ভাবনা ও পরিকল্পনায় ছিলেন লিয়াকত আলী লাকী এবং কিউরেটর ছিলেন শিল্পী মাহাবুবুর রহমান। তারই ধারাবাহকিতায় দ্বিতীয় বারের মত ২১-২৩ আগস্ট ২০১৭ পর্যন্ত বিকাল ৫.৩০মি. থেকে রাত ১০টা পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমির অভ্যন্তরে নন্দন মঞ্চ সংলগ্ন রাস্তায় ১০,০০০ বর্গফুট জায়গাজুড়ে "বিহাই- দ্যা গ্রেনেড" শীর্ষক স্থাপনা শিল্পকর্মের প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

২৬ জুলাই ২০১৭ থেকে ১৪ আগস্ট ২০১৭ তারিখ ২২তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০১৭ এর আয়োজন করা হয়। ৬-২২ সেপ্টেম্বর ২০১৭ কাহাল আর্ট গ্রুপ এর যৌথ উদ্যোগে পর্যন্ত জাতীয় চিত্রশালার ২, ৩, ৪নং গ্যালারি এবং ভাস্কর্য গ্যালারিতে (৩য় তলা) '৮ম কাহাল আর্টফেয়ার ২০১৭' আয়োজন করা হয়। ২৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০১৭ উদ্যাপন উপলক্ষে আলোচনা সভা ও

সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।২৯ অক্টোবর ২০১৭ থেকে ১ নভেম্বর ২০১৭ পর্যন্ত ‘স্মৃতি সত্তা, ভবিষ্যৎ’ শিরোনামে ৪ দিনব্যাপী বাংলাদেশের প্রয়াত চারুশিল্পী ও আলোকচিত্র শিল্পীদের স্মরণ অনুষ্ঠানমালা আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস থিয়েটার এসোসিয়েশন এর যৌথ উদ্যোগে ১০-১৫ নভেম্বর ২০১৭ পর্যন্ত ছয়দিনব্যাপী পারফরমেন্স আর্ট কর্মশালা ২০১৭ আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং সবুজ ঢাকা ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর যৌথ উদ্যোগে ১১-১৮ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত জাতীয় চিত্রশালার ৩নং ও ভাস্কর্য গ্যালারিতে ‘ঢাকা বাঁচুক সবুজে, আমরা বাঁচবো ঢাকাতে’ ‘শিল্পীর চোখে সবুজ ঢাকা’ শিরোনামে চিত্র প্রদর্শনী। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও সার্ক কালচারাল সেন্টার এর পৃষ্ঠপোষকতায় ৩০ নভেম্বর ২০১৭ থেকে ০৩ ডিসেম্বর ২০১৭ অনুষ্ঠিত হয় সার্ক হস্তশিল্প প্রদর্শনী ও কর্মশালা এবং সার্ক ঐতিহ্যবাহী নৃত্য উৎসব ২০১৭।







চিত্র: সার্ক কালচারাল প্রোগ্রামে নৃত্যানুষ্ঠান।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে ভারতের ৬৫ জন শিল্পীর সাম্প্রতিক সময়ের ছাপচিত্র প্রদর্শনী ২০১৭ আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ঢাকা আর্ট কলেজ এর যৌথ উদ্যোগে ১১-১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ঢাকা আর্ট কলেজের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলী সহ ১৭৫জন শিল্পীর শিল্পকর্ম নিয়ে এক যুগপূর্তি প্রদর্শনীর আয়োজন করা হয়। শিল্পাচার্য জয়নুল আবেদিন এর জন্মবার্ষিকী উপলক্ষ্যে ২৯ ডিসেম্বর ২০১৭ শিল্পাচার্য এর মাজারে একাডেমির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ইয়ুথ বাংলা এর যৌথ উদ্যোগে ১০-২৬ জানুয়ারি ২০১৮ পর্যন্ত বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে শিল্পী শেখ আসমান এর ‘পুরুষোত্তম’ শীর্ষক একক কাঠখোদাই শিল্পকর্ম প্রদর্শনী আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে একাডেমির সকল বিভাগের চুয়াল্লিশ বৎসরের প্রকাশনা ও বিভিন্ন উপকরণ (ব্রোশিউর, ম্যাগাজিন, ক্যাটালগ, আমন্ত্রণপত্র, সিডি/ডিভিডি, পোস্টার, যন্ত্রপাতি ইত্যাদি) নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং সামদানী আর্ট ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ০২-১০ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত জাতীয় চিত্রশালা গ্যালারিসমূহে ‘৪র্থ ঢাকা আর্ট সামিট ২০১৮’ এর প্রদর্শনী আয়োজন করা হয়। জাতিসংঘের, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো কর্তৃক প্যারিসে অনুষ্ঠিত দ্বি-বার্ষিক সম্মেলনে ৩০ অক্টোবর ২০১৭ বঙ্গবন্ধুর ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণকে বিশ্ব ডকুম্যান্টরি ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়ে তা সংস্থাটি ‘মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার’ -এ অন্তর্ভুক্ত করেছে। এর ফলে বাঙালির ইতিহাসের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলাদেশ সৃষ্টির উদ্দিপনা সৃষ্টিকারী ০৭ মার্চের ঐতিহাসিক ভাষন বিশ্বব্যাপী মানবজাতির মূল্যবান ও ঐতিহ্যপূর্ণ দালিলীক সম্পদ হিসেবে স্বীকৃত ও গৃহীত হলো। এ প্রেক্ষাপটে বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে ঐতিহাসিক ০৭ মার্চ উদ্যাপন উপলক্ষ্যে ০৭ মার্চ ২০১৮ তারিখ, ৪৭ জন বরেণ্য চিত্রশিল্পীর অংশগ্রহণে ‘বঙ্গবন্ধুর ০৭ মার্চের ভাষণ: বাংলাদেশের স্বাধীনতার মাইলফলক’ শীর্ষক আর্টক্যাম্প আয়োজন করা হয়। ‘শান্তি’ শীর্ষক প্রদর্শনী বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও গ্যাঞ্জেস আর্ট গ্যালারীর যৌথ উদ্যোগে ১৯ মার্চ থেকে ১৮ এপ্রিল ২০১৮ পর্যন্ত স্বাধীনতা পদকপ্রাপ্ত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী ও মুক্তিযোদ্ধা শাহাবুদ্দিন আহমেদ এর ‘শান্তি’ শীর্ষক প্রদর্শনী আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪১তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭, শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মশতবর্ষ উদ্যাপন, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮ ও ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, মিত্সুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) ২০১৭-২০১৮ এর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।






চিত্রাঙ্গন প্রতিযোগিতা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ‘মেমোরি অফ দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার’ -এ অন্তর্ভূক্ত হওয়ায় এবং ১৭ মার্চ তাঁর ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের ব্যবস্থাপনায় ১০ মার্চ ২০১৮ দিনব্যাপী ঢাকা মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিশুদের অংশগ্রহণে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা

হয়। বিশ্ব নারী দিবস উপলক্ষে যৌথ আয়োজনে ৬-১২ মার্চ ২০১৮ পর্যন্ত শতনারীর শিল্পকর্ম প্রদর্শনী মাধবীলতা ২০১৮ শিরোনামে প্রদর্শনীর আয়োজন করা হয়।






বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের উদ্যোগে পহেলা বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দকে গ্রহণ এবং একই সাথে বাংলা ১৪২৪ বঙ্গাব্দের চৈত্র মাসের শেষদিন অর্থাৎ ৩০ চৈত্রকে কেন্দ্র করে ১৩ এপ্রিল ২০১৮ একাডেমির প্রাঙ্গণ, জাতীয় চিত্রশালা ভবন, প্রশিক্ষণ ভবন, জাতীয় নাট্যশালা ভবন এবং জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র ভবনের প্রাঙ্গনসহ একাডেমির অভ্যন্তরে অবস্থিত সকল রাস্তা নান্দনিক ও শৈল্পিকভাবে আলপনা করা হয়। 'শান্তি' শীর্ষক প্রদর্শনী বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও গ্যাঞ্জেস আর্ট গ্যালারীর যৌথ উদ্যোগে ১৯ মার্চ থেকে ১৮ এপ্রিল ২০১৮ পর্যন্ত জাতীয় চিত্রশালা স্বাধীনতা পদকপ্রাপ্ত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী ও মুক্তিযোদ্ধা শাহাবুদ্দিন আহমেদ এর 'শান্তি' শীর্ষক প্রদর্শনী আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং নেপাল একাডেমি অব ফাইন আর্টস এর যৌথ উদ্যোগে ৭-১৩ মে ২০১৮ পর্যন্ত জাতীয় চিত্রশালার ৫নং গ্যালারিতে 'নেপাল আর্ট ফেয়ার বাংলাদেশ ২০১৮' অনুষ্ঠিত হয়।







চিত্র: আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী শাহাবুদ্দিন আহমেদ এর শান্তি শীর্ষক চিত্র প্রদর্শনী উদ্বোধনী অনুষ্ঠান।

১৪ জুলাই ২০১৭ তারিখ শ্রীলংকার মহামান্য রাষ্ট্রপতির বাংলাদেশ সফর উপলক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বঙ্গভবনের দরবার হলে, জনপ্রশাসন পদক-২০১৭ প্রদান অনুষ্ঠানে, এ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন এর বার্ষিক সম্মিলন-২০১৭ উপলক্ষে, ''পানি বিষয়ক আঞ্চলিক সম্মেলন ২০১৭'' উপলক্ষে প্যানপ্যাসিফিক সোনারগাঁও হোটেলের বলরুমে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ঈদ পূণর্মিলনী, ১৮ জুলাই ২০১৭ তারিখ প্রয়াত বিশিষ্ট সংগীতজ্ঞ সুধীন দাশ, ড. করুণাময় গোস্বামী এবং মিহির নন্দী স্মরণে, ২০ জুলাই ২০১৭ তারিখ বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির উপস্থিতিতে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পদক-২০১৬ প্রদান প্রদান অনুষ্ঠানে, ৬ আগস্ট ২০১৭ তারিখ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যুবার্ষিকী উপলক্ষে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদাৎবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ ও ১৬ আগস্ট ২০১৭ তারিখে, ২৯ আগস্ট ২০১৭ তারিখ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুবার্ষিকী উপলক্ষে, ০১ অক্টোবর ২০১৭ তারিখ সেনামঞ্চে আর্মড ফোর্সেস ডিভিশনের সভা উপলক্ষে, ২৪ অক্টোবর ২০১৭ তারিখ হোটেল সোনারগাঁর এর বলরুমে অর্থনৈতিক সম্পর্কিত বিভাগ (ERD) এর উদ্যোগে, ০৯ অক্টোবর ২০১৭ তারিখ হোটেল সোনারগাঁ এর বলরুমে রাশিয়ার প্রধান বিচারপতির বাংলাদেশে আগমন উপলক্ষে, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ এ যুক্ত হওয়ায় ১৩ ও ১৪ নভেম্বর ২০১৭ এবং ২৫ নভেম্বর ২০১৭ তারিখ ও 'আনন্দ শোভাযাত্রা' ও সমাবেশ উদ্যাপনে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে, ১৫ নভেম্বর ২০১৭ নবান্ন উৎসব উপলক্ষে, ৩০ নভেম্বর থেকে ০৩ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত আয়োজিত SAARC Cultural Festival on Traditional Dance 2017 উপলক্ষে, ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ মহামান্য রাষ্ট্রপতির উপস্থিতিতে বিচারপতিদের সম্মানে বঙ্গভবনের দরবার হলে,

০৯ ডিসেম্বর ২০১৭ তারিখ ওসমানী স্মৃতি মিলনায়তনে বেগম রোকেয়া দিবস ও পদক উপলক্ষে, ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে, ১৬ ডিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় প্যারেড গ্রাউন্ডে সামরিক বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে গাড়ী বহরে, সোহরাওয়ার্দী উদ্যানে এবং একাডেমির নাট্যশালা মিলনায়তনে, ১২ জানুয়ারি ২০১৮ বর্তমান সরকারের ৪ বছর পূর্তি উপলক্ষে

একাডেমির উন্মুক্ত মঞ্চে উন্নয়ন মেলা-২০১৮ এবং আর্মি স্টেডিয়াম, ১৩ জানুয়ারি ২০১৮আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ওসমানি স্মৃতি মিলনায়তনে, ২৪ জানুয়ারি ২০১৮ তারিখ হোটেল সোনারগাঁও বলরুমে মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক International Conference on CRVS উপলক্ষে, ২৭ জানুয়ারি ২০১৮ ইন্দোনেশিয়া এবং ৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ সুইজারল্যান্ডের মহামান্য রাস্ট্রপতির আগমন উপলক্ষে, ৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ জাতীয় গ্রন্থগার দিবস উপলক্ষে, ০৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ 10th Islamic Conference of Tourism Ministers (ICTM) উপলক্ষে, ১৬ ফেব্রুয়ারি ২০১৮ মিয়ানমারের স্বরাষ্ট্রমন্ত্রীর বাংলাদেশ সফর উপলক্ষে, একুশে পদক-২০১৮ প্রদান উপলক্ষে, ১৯ ফেব্রুয়ারি ২০১৮ নন্দনমঞ্চে একাডেমির প্রতিষ্ঠবার্ষিকী উপলক্ষে, ২১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে, ৫ মার্চ ২০১৮তারিখ ভিয়েতনামের মহামান্য রাস্ট্রপতির আগমন উপলক্ষে, ০৮ মার্চ ২০১৮ তারিখ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে, ০৯ মার্চ ২০১৮ তারিখ International TVET Conference উপলক্ষে, প্রধানমন্ত্রী'র উপস্থিতিতে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয় এবং ৮ মে ২০১৮ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষে, ৯ মে ২০১৮ তারিখ সার্কভুক্ত দেশসমূহের অংশগ্রহণে আয়োজিত কনফারেন্স উপলক্ষে, ২৫ মে ২০১৮ তারিখ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৯তম জন্মবার্ষিকী উদ্যাপন-২০১৮ উপলক্ষে, ২১-২৩ জুন ২০১৮ পর্যন্ত থাইল্যান্ডের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাপীঠ চুলালংকর্ন বিশ্ববিদ্যালয়ে তিনদিনব্যাপী 'বাংলাদেশ থাই সাংস্কৃতিক মৈত্রী প্রদর্শনী এবং বাংলাদেশ উন্নয়ন মেলা ২০১৮' উপলক্ষে, ২১ জুন ২০১৮ তারিখ বিশ্ব সংগীত দিবস উপলক্ষে, ২৭-৩০ জুন ২০১৮ পর্যন্ত ভুটানের থিম্পুতে SAARC Cultural Capital উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ শিল্পকলা একাডেমি 'শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ' গড়ার লক্ষ্যে ১০, ১১ ও ১২ ফেব্রুয়ারি ২০১৮ তিনদিনব্যাপী শাস্ত্রীয় সংগীত ও নৃত্য উৎসব আয়োজন করা হয়। ১৩-১৫ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত একাডেমির উন্মুক্ত মঞ্চে তিনদিনব্যাপী বসন্ত উৎসব, ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ উপমহাদেশের বিশিষ্ট কণ্ঠশিল্পী মিতালী মুখার্জী'র অংশগ্রহণে 'গানে গানে মিতালী" শিরোণামে একক সংগীতানুষ্ঠান আয়োজন করা হয়। স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বঙ্গাবন্ধু জাতীয় স্টেডিয়ামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আনন্দ অনুষ্ঠান সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৬ মার্চ ২০১৮ তারিখ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে, একাডেমি, বঙ্গভবনে, সোহরাওয়ার্দী উদ্যোনে এবং সাভারে জাতীয় স্মৃতিসৌধে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।চৈত্র সংক্রান্তি ১৪২৪ উপলক্ষে ৩০ চৈত্র ১৪২৪, ১৩ এপ্রিল ২০১৮ তারিখে এবং বাংলা নববর্ষ ১৪২৫ উপলক্ষে ১ বৈশাখ ১৪২৫, ১৪ এপ্রিল ২০১৮ উপলক্ষে একাডেমি এবং বাহাদুর শাহ পার্কে, বঙ্গভবনের দরবার হলে সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১ মে ২০১৮ তারিখ মহান মে দিবস উপলক্ষে বঙ্গাবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শাস্ত্রীয় সঙ্গীত নিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অনুষ্ঠানমালা, বাংলাদেশের শাস্ত্রীয় সঙ্গীতের পুনর্জাগরণ ও বিকাশে সহায়ক ভূমিকা রাখছে। এরই ধারাবহিকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে ২৯ জুন ২০১৮ তারিখ উপমহাদেশের কিংবদন্তী সঙ্গীতজ্ঞ ওস্তাদ আলাউদ্দিন খা'র পৌত্র ওস্তাদ আশীষ খান এবং প্রপৌত্র সিরাজ আলী খান এর সরোদ বাদন অনুষ্ঠান আয়োজন করা হয়। ২০-২৭ সেপ্টেম্বর ২০১৭ সময়ে মিশরের কায়রোতে অনুষ্ঠিত "10th Session of the International Festival for Religious and Sufi Music" ১৩(তের) সদস্য বিশিষ্ট, ২১-২৪ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত চীনে অনুষ্ঠিত 21st Century Maritime Silk Road International Expo (MSIE) -এ ০৫(পাঁচ) সদস্যবিশিষ্ট, ২৯ সেপ্টেম্বর থেকে ০২ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত দক্ষিন কোরিয়ায় অনুষ্ঠিত ১২তম MAMF (Migrants Arirang Multicultural Festival) উৎসবে ৩০(ত্রিশ) সদস্য বিশিষ্ট, ২৯ সেপ্টেম্বর থেকে ০৫ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত মরিশাস-এ অনুষ্ঠিত 12th Edition of the International Expo ফেষ্টিভ্যালে ১১(এগার) সদস্য বিশিষ্ট, ০৯-১২ অক্টোবর ২০১৭ সময়ে ভারতের দিল্লীতে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদানের জন্য ১২(বার) সদস্য বিশিষ্ট. ২৪-২৮ অক্টোবর ২০১৭ তারিখ লেবাননের বৈরুতে অনুষ্ঠিত 'বাংলাদেশ সপ্তাহ' অনুষ্ঠানে যোগদানের জন্য ১২(বার) সদস্য বিশিষ্ট, তুরস্কের আঙ্কারায় ১০ থেকে ১৩ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত অনুষ্ঠিত Bangladesh Cultural Festival-এ ১৮(আঠার) সদস্য বিশিষ্ট সাংস্কৃতিক দল অংশগ্রহণ করে।

'শিল্পকলা' ষান্মাসিক বাংলা পত্রিকা মুদ্রণ ২টি সংখ্যা, বাংলাদেশের বহুমাত্রিক শিল্পকলা' শিরোনাম গ্রন্থ মুদ্রণ, প্রকাশ এবং "তুমি আসবে বলে' সৈয়দ হকের গান শিরোনামে গ্রন্থ প্রকাশ। শিল্পকলা পদক ২০১৭ ও জেলা শিল্পকলা সম্মাননা প্রদান, প্রকাশনা বিক্রয় ও সৌজন্য প্রদান। অমর একুশে গ্রন্থমেলায় ২০১৮ অংশগ্রহণ। জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্যাপন উপলক্ষে টুঙ্গীপাড়া এবং জাতীয় শিশু একাডেমি আয়োজিত বইমেলায় অংশগ্রহণ। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষে ময়মনসিংহের ত্রিশালে আয়োজিত বইমেলায় অংশগ্রহণ। জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা এর উদ্যোগে ঢাকা বইমেলা-২০১৭ এ অংশগ্রহণ।

জাতীয় চলচ্চিত্র উৎসব ২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে অস্টনায়িকা প্রথমবার ও উড়ন্ত পাখী দ্বিতীয়বার নৃত্য দুইটি একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ০২ জানুয়ারি থেকে ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ পযন্ত "সোমা গিরি (ভারত) এর বিশেষ নৃত্য কর্মশালা" একাডেমিতে অনুষ্ঠিত হয়। স্টাফ নোটেশন কোর্স ২০১৭ এর সনদপত্র বিতরণ ও স্টাফ নোটেশন কোর্স ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে নৃত্যানুষ্ঠান হয়।

## ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা:

### *প্রশিক্ষণ বিভাগ:*

১. বাংলাদেশের ৭টি বিভাগের আওতায় যে সব জেলাগুলো আছে সে সব জেলার প্রশিক্ষকদের নিয়ে প্রতিটি বিভাগের সিলেবাস ভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা।
২. মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা এবং চাঁপাইনবাবগঞ্জ জেলা শিল্পকলা একাডেমিতে ০৭ (সাত) দিনব্যাপী নাটক প্রশিক্ষণ কর্মশালা।
৩. লক্ষীপুর, মৌলভীবাজার, পঞ্চগড় এবং গোপালগঞ্জ জেলা শিল্পকলা একাডেমিতে ০৭ (সাত) দিনব্যাপী নৃত্য প্রশিক্ষণ কর্মশালা।
৪. নীলফামারী, শরীয়তপুর, খুলনা, বান্দরবান, বাগেরহাট, ঝিনাইদহ এবং বরগুনা জেলা শিল্পকলা একাডেমিতে ০৭ (সাত) দিনব্যাপী সঙ্গীত প্রশিক্ষণ কর্মশালা।
৫. বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় ০৭ (সাত) দিনব্যাপী দেশের গান, নজরুল সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, আবৃত্তি, পঞ্চকবির গান, ফটোগ্রাফী, উপস্থাপনা বিষয়ক এবং বঙ্গবন্ধুর উপর রচিত গানের প্রশিক্ষণ কর্মশালা।

## গবেষণা ও প্রকাশনা বিভাগ:

১. শিল্পকলা ষান্মাসিক বাংলা পত্রিকা মুদ্রণ ২টি সংখ্যা।
২. শিল্পকলা বুলেটিন মুদ্রণ ৩টি সংখ্যা।
৩. বার্ষিক ইংরেজি জার্নাল মুদ্রণ।
৪. নতুন গ্রন্থ মুদ্রণ ২টি।
৫. গ্রন্থ পুন:মুদ্রণ ২টি।
৬. শিল্পকলা পদক ২০১৮ ও জেলা শিল্পকলা সম্মাননা প্রদান।
৭. প্রকাশনা বিক্রয় ও সৌজন্য প্রদান।
৮. অমর একুশে গ্রন্থমেলা ২০১৯ অংশগ্রহণ।
৯. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে টুঙ্গিপাড়া বইমেলায় অংশগ্রহণ।
১০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে জাতীয় শিশু একাডেমি আয়েজিত বইমেলায় অংশগ্রহণ।
১১. জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষে ময়মনসিংহের ত্রিশালে আয়োজিত বইমেলায় অংশগ্রহণ।
১২. জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা এর উদ্যোগে ঢাকা বইমেলা ২০১৯ তে অংশগ্রহণ।

## *চারুকলা বিভাগ:*

১. স্মরন সভা: স্মৃতি সত্তা, ভবিষ্যৎ।
২. সুতলতান উৎসব ২০১৮, নড়াইল।
৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বসবাসকারী অঞ্চলে ৪টি আর্টিস্ট ক্যাম্পের আয়োজন ও ক্যাটালগ মুদ্রণ।
৪. ২০১৮-১৯ এর মিতসুবিশি এশীয় শিশুদের, সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) এর প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পাদন এবং পুরস্কার বিতরণ ও সনদপত্র প্রদান, শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা মূলক অনুষ্ঠান।
৫. ছাপচিত্র কর্মশালার আয়োজন ও প্রদর্শনী।
৬. বিভাগীয় শহরে ভ্রাম্যমান চারুকলা প্রদর্শনী আয়োজন (প্রথম পর্যায়ে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী)।
৭. ভারতের দিল্লী ভিত্তিক ছাপচিত্রিদের সংগঠন “মালটিপল এনকাউন্টার” তাঁদের ৫ (পাঁচ) জন মিল্পীর একটি দলগত প্রদর্শনী এবং সাথে তাঁদের সংগ্রহে থাকা ৪০ (চল্লিশ) জন শ্রেষ্ঠ ছাপচিত্রি শিপীর কাজ নিয়ে প্রদর্শনী আয়োজন।
৮. ৩য় জাতী ভাস্কর্য প্রদর্শনী।
৯. ভারতের স্বনামধন্য শিল্পী যোগেন চৌধুরীর সারা জীবনের গুরুত্বপূর্ণ শিল্পকর্ম নিয়ে একক প্রদর্শনী আয়োজন।
১০. ২১তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০১৮।
১১. ১৮তম দ্বিবার্ষিক এশীয় চারুকলা প্রদর্শনী বাংলাদেশ ২০১৮।

## নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ:

১. বিশ্ব নাট্য দিবস উদ্যাপন ২০১৮।
২. বিশ্ব পুতুল নাট্য দিবস উদ্যাপন ২০১৮।
৩. বিশ্ব শিশু নাট্য দিবস ২০১৮।
৪. জাতীয় চলচ্চিত্র দিবস ২০১৮।

৫. স্মৃতি সত্তা ভবিষ্যৎ এর নিয়োমিত আয়োজন।
৬. গুণীজনদের জন্ম ও মৃত্যুবার্ষিকী পালন।
৭. শেক্সপিয়র এর হ্যামলেট প্রযোজনা (ঢাকা ও ঢাকার বাইরে)।
৮. মুনীর চৌধুরী, সেলিম আল দীন নাট্য উৎসব।
৯. নিয়মিতভাবে চলচ্চিত্র উৎসব/প্রদর্শনী।
১০. যাত্রা নিবন্ধনের লক্ষে উৎসব।
১১. প্রত্ননাটক ও পরিবেশ থিয়েটার প্রদর্শনী (বৈদ্যনাথ তলা থেকে মুজিবনগর, সোমপুর কথন, উয়ারী বটেশ্বর, রংপুর টাউন হল কনসেলট্রেশন ক্যাম্প)।
১২. প্রকাশনা: স্মৃতি সত্তা ভবিষ্যৎ, পুতুল নাট্য, মূল্যবোধের নাট্যোৎসব, চলচ্চিত্র পত্রিকা, যাত্রাশিল্পের নবযাত্রা, অ্যাক্রোবেটিক।
১৩. শেক্সপিয়র স্মারক গ্রন্থ।
১৪. শিশু নাট্য মঞ্চায়ন (বৎসরে ১২দিন)।
১৫. স্বল্প ব্যয়ে নতুন স্থানে, নতুন নাটক।
১৬. বাংলাদেশ শিশু চলচ্চিত্র উৎসব ২০১৯।
১৭. লোক নাট্যোৎসব ২০১৯।
১৮. বাংলাদেশ চলচ্চিত্র উৎসব ২০১৯।
১৯. জাতীয় যাত্রা উৎসব ২০১৯।
২০. জাতীয় পুতুল নাট্যোৎসব ২০১৯।
২১. জাতীয় শিশু কিশোর নাট্যোৎসব ২০১৯।
২২. জাতীয় যুব নাট্যোৎসব ২০১৯।
২৩. নতুন প্রত্ননাটক ‘মহাস্থান’ নির্মাণ ও প্রদর্শনী।
২৪. যৌথ আয়োজনে বিভিন্ন সংগঠনকে আর্থিক সহযোগিতা প্রদান।

**সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ:**

১. উচ্চাঙ্গ সংগীতানুষ্ঠান।

২. প্রতিশ্রুতিশীল শিল্পীদের অনুষ্ঠান

৩. লোকসংগীত উৎসব।

৪. একক শিল্পীদের অনুষ্ঠান।

৫. দ্বৈত শিল্পীদের অনুষ্ঠান।

৬. সমবেত শিল্পীদের অনুষ্ঠান।

৭. কবিতা পাঠের আসর।

৮. আবৃত্তি অনুষ্ঠান।

৯. যন্ত্র সংগীতানুষ্ঠান।

১০. প্রতিবন্ধী, অটিষ্টিক, অবহেলিত শিল্পীদের নিয়ে অনুষ্ঠান।

১১. বৈঠকী গানের আসর।